৫০১৩০

# বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১২ তলা, ২য় সংলগ্নী ভবন
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বিএফআইইউ সার্কুলার লেটার নং-৫

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল রিপোর্ট প্রদানকারী সংস্থা (মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধিত ২০১৫) এর ধারা ২(ব) এ উল্লিখিত), বাংলাদেশ।

**বিএফআইইউ কর্তৃক কোনো হিসাবের স্থগিতকরণ আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট রিপোর্ট প্রদানকারী সংস্থা কর্তৃক উক্ত হিসাবসহ সংশ্লিষ্ট অন্যান্য হিসাবের তথ্যাদি অবিলম্বে বিএফআইইউ-কে অবহিতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধিত ২০১৫) এর আলোকে প্রণীত মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৯ এর ২৬(৪) বিধির প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত বিধির অনুবৃত্তিক্রমে "বিএফআইইউ কর্তৃক কোনো হিসাবের স্থগিতকরণ আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট রিপোর্ট প্রদানকারী সংস্থা উক্ত হিসাবের স্থিতি ও উক্ত হিসাবের সহিত সংশ্লিষ্ট অন্যান্য হিসাবের তথ্যাদি অবিলম্বে বিএফআইইউ-কে অবহিত করবে" মর্মে আপনাদের নির্দেশনা প্রদান করা হলো।

২. মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধিত ২০১৫) এর ২৩(১)(ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধিত ২০১৩) এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(এ কে এম গোলাম মাহমুদ)
পরিচালক (বিএফআইইউ)
ফোন- ০২৯৫১১৬৯৭